গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫৮.৬২১০ তারিখ: ১৭ জানুয়ারি ২০২৩খ্রি.

**বিষয় : ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর খেলোয়াড় (ছাত্র-ছাত্রী), টিম লীডারদের আবাসন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি কর্তৃক আয়োজিত ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা জাতীয় পর্যায়ে আগামী ০২/০২/২০২৩খ্রি. হতে ০৭/০২/২০২৩খ্রি. পর্যন্ত শামস্-উল-হুদা স্টেডিয়াম, যশোরে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা উপলক্ষ্যে বিভিন্ন অঞ্চল হতে আগত খেলোয়াড় (ছাত্র-ছাত্রী), ও টীম লীডারগণ নিম্নবর্ণিত স্থানে অবস্থান করবেন।

**প্রতিযোগিতায় অংশগ্রহণকারী (ছাত্র-ছাত্রী, টিমলীডারগণের) আবাসন:**

| ক্র: নম্বর | আঞ্চলিক দল সমূহ | আবাসন স্থান |
|---|---|---|
| ১. | পদ্ম অঞ্চলের ছাত্রী ও মহিলা টিম লিডার | যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর |
| ২. | গোলাপ অঞ্চলের ছাত্রী ও মহিলা টিম লিডার | এম এস টি পি বালিকা বিদ্যালয় ও কলেজ, যশোর |
| ৩. | বকুল অঞ্চলের ছাত্রী ও মহিলা লিডার | যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর |
| ৪. | চাঁপা অঞ্চলের ছাত্রী ও মহিলা লিডার | এম এস টি পি বালিকা বিদ্যালয় ও কলেজ, যশোর |
| ৫. | বকুল অঞ্চলের ছাত্র ও পুরুষ টিম লিডার | ডাঃ আব্দুল রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর |
| ৬. | চাঁপা অঞ্চলের ছাত্র ও পুরুষ টিম লিডার | ডাঃ আব্দুল রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর |
| ৭. | পদ্ম অঞ্চলের ছাত্র ও পুরুষ টিম লিডার | যশোর জিলা স্কুল, যশোর |
| ৮. | গোলাপ অঞ্চলের ছাত্র ও পুরুষ টিম লিডার | যশোর শিক্ষা বোর্ড মডেল স্কুল এন্ড কলেজ, নতুন উপশহর। |

প্রতি অঞ্চলের প্রতিযোগীদেরকে তাদের কন্টিনজেন্ট লীডারের তত্ত্বাবধানে উপরে উল্লেখিত স্থানে ০১/০২/২০২৩খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে রিপোর্ট করতে হবে। বিকাল ৪:০০ ঘটিকায় আঞ্চলিক কন্টিনজেন্ট লীডারগণ তাদের পরিচয়পত্র, প্রতিযোগীদের সত্যায়িত ফটোসহ নামের তালিকা, ১টি আঞ্চলিক পতাকাসহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এ নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, যশোরে অবস্থানের জন্য প্রতিযোগী ও টিম লীডারগণকে অবশ্যই বিছানা-পত্রসহ মশারী, থালা, গ্লাস, কম্বল ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র সঙ্গে আনতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগী ও টিম লীডারগণ যশোর হতে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত ফেরৎ ভ্রমণ ভাতা (রেলগাড়ী, স্টিমার, বাস ইত্যাদির ক্ষেত্রে সাধারণ শ্রেণির হারে) এবং দৈনিক ভাতা (বরাদ্দ অনুসারে) প্রপ্য হবেন।

প্রতিযোগী ছাত্রীদের আবাসনস্থলে কোনো পুরুষ সদস্যকে কোন অবস্থাতেই অবস্থান করতে দেয়া হবে না। প্রকৃত ছাত্র/ছাত্রী নয় এরূপ কোন প্রতিযোগীর নাম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সুপার কর্তৃক সত্যায়িত হয়ে তালিকাভুক্ত হলে এবং তা প্রমাণিত হলে গঠনতন্ত্রের বিধান অনুযায়ী উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সুপার এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭/০১/২০২৩

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
এবং
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন : ০২-৪১০৫০৪৪৮।

**চেয়ারম্যান**
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
**ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/**
**দিনাজপুর/ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড।**

১৮/০১/২০২৩

**অপর পৃষ্টা দেখুন**

৭ - মোহাম্মদ রাসেদ মজুমদার

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬২১০/১৪ তারিখ: ২৭ জানুয়ারি ২০২৩খ্রি.

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ও সভাপতি, ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩। (আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ও সদস্য সচিব, ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ (আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০৩। উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ।
**(আহ্বায়ক, আবাসন কমিটি ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
**(৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

০৫। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট/কুমিল্লা/ময়মনসিংহ অঞ্চল।

০৬। জেলা শিক্ষা অফিসার, যশোর। **৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

০৭। অধ্যক্ষ, ডাঃ আব্দুল রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর।
**(৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

০৮। অধ্যক্ষ, এম এস টি পি বালিকা বিদ্যালয় ও কলেজ, যশোর ।
**(৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

০৯। অধ্যক্ষ, যশোর শিক্ষা বোর্ড মডেল স্কুল এন্ড কলেজ, নতুন উপশহর, যশোর।
**(৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

১০। প্রধান শিক্ষক, যশোর জিলা স্কুল, যশোর ।
**(৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

১১। প্রধান শিক্ষক, যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর।
**(৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।**

১২। কম্পিউটার অপারেটর, শারীরিক শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(শারীরিক শিক্ষা বিভাগের <u>www.phyedu.org</u> ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৩। **মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।**

১৪। **সংরক্ষণ নথি।**

২৭/০১/২০২৩

**(মোঃ আক্তারুজ্জামান ভূঁঞা)**
উপপরিচালক, শারীরিক শিক্ষা
এবং
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন : ০২-৪১০৫০৪৪৮ ।

২৭/১/২০২৩

10 - মোহাম্মদ রাসেদ মজুমদার